



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ০৬/১২/২০১৭ খ্রি:

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেক্সের ‘বিশ্ব প্রামান্য ঐতিহ্য’ হিসেবে স্বীকৃতি অর্জণ করায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে আনন্দ শোভাযাত্রা

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেক্সের ‘মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্ট্রার’ এ অস্তর্ভুক্তির মাধ্যমে ‘বিশ্ব প্রামান্য ঐতিহ্য’ হিসেবে স্বীকৃতি লাভ করছে। ঐতিহাসিক এ অর্জণকে বর্ণিলভাবে উদ্ঘাপনের লক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে অদ্য ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল ১০ টায় অনুষ্ঠিত হয়েছে এক বর্ণাচ্চ ও জমকালো আনন্দ শোভাযাত্রা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হকের নেতৃত্বে অনুষ্ঠিত এ বর্ণাচ্চ আনন্দ শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রেস্টের, প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, পরিচালকগণ, দণ্ডন প্রধানগণ, ২০ টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, শিক্ষার্থীবৃন্দ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সামিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, শিক্ষার্থীবৃন্দ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সামিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিভাগ শাখা, বরিশাল বিশ্ববিদ্যালয় ডিবিটিং সোসাইটি, বিএনসিসির সেনা ও নৌ শাখা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন, ৩য় এবং ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ এর নেতৃবৃন্দ স্ব বিভাগ ও সংগঠনের ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করেন। আনন্দ শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শুরু হয়ে ক্যাম্পাস সংলগ্ন বরিশাল-পটুয়াখালী ও ভোলা মহাসড়ক প্রদক্ষিণ শেষে শহীদ মিনারের সামনে এসে শেষ হয়। আনন্দ শোভাযাত্রাটি সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ায় উপাচার্য মহোদয় সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। আনন্দ শোভাযাত্রা শেষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ১৪টি সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ হতে শীতার্তদের মধ্যে ১০০ কস্বল বিতরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে অনুষ্ঠিত এ কস্বল বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। এ সময় ১৪টি সংগঠনের নেতৃবৃন্দসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় ১৪টি সংগঠনের এ ধরনের মহত্বী উদ্যোগকে সাধুবাদ জানান। একই সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি (বিইউপিএস) এর আয়োজনে ছবি প্রদর্শনীরও উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। এদিকে অনুষ্ঠানের ২য় পর্ব অনুষ্ঠিত হবে সন্ধ্যা ৬ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে। এতে থাকছে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রদর্শণ এবং বিভিন্ন সাংস্কৃতিক পরিষদের আয়োজনে সাংস্কৃতিক সন্ধ্যা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস